

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা

তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা
www.totthoapa.gov.bd


স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.৬১.১৯- ৯৬৭

তারিখঃ ৩১ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
১৫ মে ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: তথ্যসেবা কর্মকর্তা/ তথ্যসেবা সহকারীদের পদত্যাগ পত্র দাখিল প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, তথ্যসেবা কর্মকর্তা/ তথ্যসেবা সহকারীদের চুক্তিভিত্তিক নিয়োগ পত্রের শর্তাবলীতে উল্লেখ রয়েছে যে, নিয়োগপ্রাপ্ত কর্মচারী ০১ (এক) মাসের নোটিশে বা ০১ (এক) মাসের সমপরিমাণ টাকা সমপর্ণ পূর্বক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চাকুরী হতে অব্যাহতি নিতে পারবেন। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন তথ্যসেবা কর্মকর্তা/ তথ্যসেবা সহকারী ০১ (এক) মাস পূর্বে পদত্যাগ পত্র দাখিল করছেন না আবার ০১ (এক) মাসের সমপরিমাণ বেতনও সমপর্ণ করছেন না। এছাড়া যথাযথ কর্তৃপক্ষের (উপজেলা নির্বাহী অফিসার/ চেয়ারম্যান, উপজেলা কমিটি, জাতীয় মহিলা সংস্থা) মাধ্যমে পদত্যাগ পত্র প্রেরণ করছেন না। যার ফলে পদত্যাগের আবেদন নিষ্পত্তি করতে বিলম্ব হচ্ছে বা জটিলতার সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায় পদত্যাগ পত্র দাখিলের ক্ষেত্রে নিয়োগে বর্ণিত শর্ত অনুযায়ী কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পদত্যাগ পত্র প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হল।


(মীনা পারভীন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৮৩৩২১৩৬

ই-মেইল: pd@totthoapa.gov.bd

বিতরণ:

- ০১। তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) (সকল)
- ০২। তথ্যসেবা সহকারী, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) (সকল)

অনুলিপি:

- ০১। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)।
- ০২। চেয়ারম্যান, উপজেলা কমিটি, জাতীয় মহিলা সংস্থা (সংশ্লিষ্ট উপজেলা)।
- ০৩। অফিস কপি।